



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩

৩০ ডিসেম্বর ২০২১

তারিখঃ -----

১৫ পৌষ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণিকরণ এবং এর বিপরীতে আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২৬ আগস্ট ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৯, ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এবং ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১ এবং ৫২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১/২০২১ এর মাধ্যমে সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ ডিসেম্বর/২০২১ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

৩। এক্ষেত্রে, সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের অনুরূপ বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ আওতায় সুবিধাপ্রাপ্ত অন্যান্য ঋণ/বিনিয়োগের বিপরীতেও জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তি/অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ আদায় হলে উক্ত ঋণ/বিনিয়োগ হিসাবসমূহ অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শন করা যাবে এবং সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের ভবিষ্যত আদায় ঝুঁকি বিবেচনায় নিয়ে ২০২১ সালের আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর করা যাবে। তবে ইতঃপূর্বের নির্দেশনা অনুযায়ী ২% অতিরিক্ত জেনারেল প্রভিশন সংরক্ষণ করতে হবে।

৪। এছাড়া সূত্রোল্লিখিত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২